# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮০৫

২৮/ খাদ্য সম্পর্কিত (كتاب الأطعمة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ঘি-তে ইদুর পড়ে মারা গেলে।

## باب مَا جَاءَ فِي الْفَأْرَةِ تَمُوتُ فِي السَّمْنِ

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَخْزُومِيُّ، وَأَبُو عَمَّارٍ قَالاَ حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُبَيْدِ اللَّهِ، عَنِ ابْنِ عَبَّاسٍ، عَنْ مَيْمُونَةَ، أَنَّ فَأْرَةً، وَقَعَتْ، فِي سَمْنٍ فَمَاتَتْ فَسُئِلَ عَنْهَا النَّبِيُّ صلى الله عليه وسلم فَقَالَ " أَلْقُوهَا وَمَا حَوْلَهَا وَكُلُوهُ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم سُئِلَ وَلَمْ يَذْكُرُوا فِيهِ عَنْ مَيْمُونَةَ وَحَدِيثُ ابْنِ عَبَّاسٍ عَنْ مَيْمُونَةَ أَصَحُّ . وَرَوَى مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ وَهُوَ حَدِيثٌ غَيْرُ مَحْفُوظٍ . قَالَ وَسَمِعْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ يَقُولُ وَحَدِيثُ مَعْمَرٍ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَذَكَرَ فِيهِ أَنَّهُ سُئِلَ عَنْهُ فَقَالَ " إِذَا كَانَ جَامِدًا فَأَلْقُوهَا وَمَا حَوْلَهَا وَإِنْ كَانَ مَائِعًا فَلاَ تَقْرَبُوهُ " . فَقَالَ هَذَا خَطَأٌ أَخْطَأَ فِيهِ مَعْمَرٌ . قَالَ وَالصَّحِيحُ حَدِيثُ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنْ مَيْمُونَةَ .

বাংলা

১৮০৫। সাঈদ ইবনু আবদুর রহমান ও আবূ আম্মার (রহঃ) ... মায়মূনা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত যে, একবার একটি ইঁদুর (জমাট) ঘি-তে পড়ে মারা যায়। এ বিষয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করা হলে তিনি বললেন, ইঁদুরটি এবং এর চতুষ্পার্শ্বস্থ ঘি ফেলে দিবে। তারপর তা (বাকী ঘি) খাবে।

সহীহ, বুখারী ২৩৫, তিরমিজী হাদিস নম্বরঃ ১৭৯৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ। যুহরী-উবায়দুল্লাহ-ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু সনদেও এই হাদীসটি বর্ণিত আছে যে,

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করা হয়েছিল...। এই সনদে মায়মূনা রাদিয়াল্লাহু আনহা-এর উল্লেখ নাই। কিন্তু ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু মায়মূনা রাদিয়াল্লাহু আনহা সনদে বর্ণিত হাদীসটি (১৮০৫ নং) অধিকত সহীহ। মামার ... যুহরী ... সাঈদ ইবনু মুসায়্যাব ... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে অনুরূপ রিওয়ায়াত করেছেন। এই রিওয়ায়াতটি মাহফুজ নয়। মুহাম্মদ ইবনু ইসমাঈল বুখারী (রহঃ)-কে বলতে শুনেছি যে মা’মার ... যুহরী ... সাঈদ ইবনুল মাসায়্যাব ... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু ... সূত্রে বর্ণনাটি ভুল। সহীহ হল যুহরী ... উবায়দুল্লাহ ... ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু ... মায়মূনা রাদিয়াল্লাহু আনহা সূত্রের রিওয়ায়াতটি।

## English

Narrated Ibn 'Abbas:

From Maimunah that a mouse fell in some cooking fat and died. So the Prophet (ﷺ) was asked about that and he said: "Remove it (the mouse) and what was around it and then eat it (the fat)."

He said: There are something on this topic from Abu Hurairah.

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih. This Hadith has been related from Az-Zuhri, from 'Ubaidullah, from Ibn 'Abbas, saying: "The Prophet (ﷺ) as asked" and they did not mention Maimunah in it. The narration of Ibn 'Abbas from Maimunah is more correct. Ma'mar reported similar from Az-Zuhri, from Sa'eed bin Al-Musayyab, from Abu Hurairah, from the Prophet (ﷺ). But this hadith is not preserved. He said: I heard Muhammad bin Isma'il saying: "The Hadith of Ma'mar from Az-Zuhri, from Sa'eed bin al-Musayyab, from Abu Hurairah, from the Prophet (ﷺ)" - and he mentioned in it: 'That he was asked about it, so he said: "When it (the coking fat) is solid then remove it (the mouse) and what was around it. And when it is liquid then do not use it.'" This is a mistake. Ma'mar made a mistake with it. And he said: What is correct is the narration of Az-Zuhri from 'Ubaidullah, from Ibn 'Abbas, and Maimunah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ মাইমূনাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22650

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন